

যায়যায়দিন

যায়যায়দিন

তারিখ : ১ ১ JUN ২০১১
পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

শিক্ষা খাতে নতুন করে পুরনো সব কথা

এম মামুন হোসেন

বরাদ্দ বাড়লেও ২০১০-১১ অর্থবছরের বাজেটে শিক্ষাখাতে নতুনত্ব নেই। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, শিক্ষানীতি এবং গত বছরের পরিকল্পনা বাস্তবায়নের কথাই অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় ঘুরেফিরে এসেছে। শিক্ষাখাতে ২০১০-১১ অর্থবছরে বাজেটে ১৭ হাজার ৯৫৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যা গত অর্থবছরে সংশোধিত বরাদ্দের চেয়ে প্রায় ১৩ দশমিক ৫ শতাংশ বেশি।

শতভাগ শিশুকে স্কুলে আনার সরকারের অঙ্গীকার পূরণে এবার দেড় হাজার প্রাথমিক বিদ্যালয় ও ৪০ হাজার শ্রেণীকক্ষ নির্মাণের জন্য প্রস্তাব করা হয়েছে। বাজেটে শিক্ষানীতি বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপসহ দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং, প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি নতুন : পৃষ্ঠা ১৫ কলাম ৬

নির্বাহিতা: কমান্ডার